

## জনাব মোঃ রফিকুল ইসলাম এর

### জীবন বৃত্তান্ত

জনাব মোঃ রফিকুল ইসলাম ১৯৫৫ সালের ১ জানুয়ারি তারিখে রাজশাহী জেলার গোদাগাড়ি উপজেলায় জন্ম গ্রহণ করেন। তাঁর পিতা মরহুম তুফানি মন্ডল এবং মাতা মোছাঃ রহিমা বেগম। তিনি গোদাগাড়ি হাইস্কুল থেকে এস.এস.সি ও রাজশাহী কলেজ হতে এইচ.এস.সি পাশ করেন। অতঃপর বুলগেরিয়া হতে অর্থনীতি বিষয়ে মাস্টার্স ডিগ্রি এবং যুক্তরাজ্য হতে আর্থিক ব্যবস্থাপনার বিষয়ে মাস্টার্স ডিগ্রি লাভ করেন। তিনি ২০০৪ সনে যুক্তরাষ্ট্রে ব্যবস্থাপনা বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি এছাড়াও যুক্তরাজ্য হতে Computing and project Management বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি গ্রহণ করেছেন।

তিনি ১৯৮৪ সনে সহকারী সচিব হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন। চাকরি জীবনে তিনি সিনিয়র সহকারী সচিব, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপপরিচালক, উপসচিব, পরিচালক, যুগ্মসচিব, প্রকল্প পরিচালক, অতিরিক্ত সচিব ও সচিবের দায়িত্ব পালন করেন। সর্বশেষ তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। চাকরি জীবনে তিনি নির্বাচন কমিশন সচিবালয়ে প্রকল্প পরিচালক, যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি একজন আন্তর্জাতিক মানের প্রশিক্ষক হিসেবে স্বীকৃত। নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ে তাঁর ব্যাপক অভিজ্ঞতা রয়েছে। তিনি ভারত, থাইল্যান্ড, নেপাল, শ্রীলংকা, সিংগাপুর, ফিলিপাইন, যুক্তরাজ্য, ফ্রান্স ও কানাডাতে বিভিন্ন আন্তর্জাতিক কর্মশালা ও সেমিনারে যোগদান করেন। ২০০৭ সনে নেপালের নির্বাচনি ব্যবস্থাপনা উন্নয়নে সহায়তা করেন এবং ২০০৯ সনে অস্ট্রেলিয়ান পার্লামেন্ট নির্বাচনে পর্যবেক্ষকের দায়িত্ব পালন করেন।

তিনি ২০১৩ সনের ৩১ শে ডিসেম্বর সরকারি চাকরি হতে অবসরে যান। তিনি অফিসার্স ক্লাব, ঢাকা; রাজশাহী সমিতি ও রাজশাহী হার্ট ফাউন্ডেশনের আজীবন সদস্য। তাঁর স্ত্রীর নাম নাজমুন আরা বেগম। তিনি ইডেন মহিলা কলেজের সাবেক অধ্যাপিকা। তাঁদের একটি কন্যা ও একটি পুত্র সন্তান রয়েছে।